রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ২৮, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরি বোর্ড শাখা**

## প্রজ্ঞাপন

তারিখ : ০৮ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ/২২ জুন ২০২০ খ্রিষ্টাব্দ

**এস,আর,ও নং ১৭০-আইন/২০২০।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন "প্লাস্টিক" শিল্প সেক্টর, অতঃপর উক্ত সেক্টর বলিয়া উল্লিখিত শ্রমিক-কর্মচারিদের জন্য "নিম্নতম মজুরি বোর্ড" কর্তৃক সুপারিশকৃত নিম্নের তপশিল "ক" ও "খ" তে বর্ণিত নিম্নতম মজুরি হারকে, নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে, উক্ত সেক্টরের শ্রমিক-কর্মচারিদের জন্য নিম্নতম মজুরি হার হিসেবে এতদ্দ্বারা ঘোষণা করিল, যথা :—

### তপশিল "ক"
### শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরির হার

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা/ রেশন ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড-১:<br>১। ফোরম্যান<br>২। সিনিয়র অপারেটর (প্রোডাকশন এবং মেইন্টেন্যান্স এর জন্য)<br>৩। মেকানিক্যাল সুপারভাইজার<br>৪। সিনিয়র কোয়ালিটি ইন্সপেক্টর | ৮৫০০/- | ৩৪০০/- | ৫০০/- | ৩০০/- | ২০০/- | ১২৯০০/- |


মূল্য ঃ টাকা ৮.০০

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা/ রেশন ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড-২:<br>১। অপারেটর (প্রোডাকশন এবং মেইন্টেন্যান্স এর জন্য)<br>২। মেশিন অপারেটর/ মেশিনম্যান<br>৩। হ্যান্ড মেশিন অপারেটর<br>৪। ইলেকট্রিশিয়ান<br>৫। টেকনিশিয়ান (মোল্ড)<br>৬। ওয়েল্ডার<br>৭। কোয়ালিটি ইন্সপেক্টর<br>৮। মেকানিক<br>৯। অ্যাসেম্বলার<br>১০। স্যাম্পলম্যান<br>১১। অপারেটর (বয়লার, জেনারেটর, চিলার কম্প্রেসর, পাম্প) | ৭৮০০/- | ৩১২০/- | ৫০০/- | ৩০০/- | ২০০/- | ১১৯২০/- |
| গ্রেড-৩:<br>১। ফিটার<br>২। প্যাকার<br>৩। সহকারী অপারেটর (প্রোডাকশন এবং মেইন্টেন্যান্স এর জন্য)<br>৪। সহকারী ইলেকট্রিশিয়ান<br>৫। সহকারী টেকনিশিয়ান (মোল্ড)<br>৬। সহকারী ওয়েল্ডার<br>৭। সহকারী কোয়ালিটি ইন্সপেক্টর<br>৮। সহকারী মেকানিক/জুনিয়র মেশিনম্যান/ মেশিন সহকারী<br>৯। সহকারী অ্যাসেম্বলার<br>১০। কাটারম্যান/কাটিংম্যান | ৬৫০০/- | ২৬০০/- | ৫০০/- | ৩০০/- | ২০০/- | ১০১০০/- |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা/ রেশন ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড-৪:<br>১। সহকারী ফিটার/প্লাম্বার/ পেইন্টার/ ম্যাসন<br>২। সহকারী প্যাকার<br>৩। সাধারণ শ্রমিক<br>৪। হেলপার (সকল সেকশন)<br>৫। মোল্ড পলিশার | ৫০০০/- | ২০০০/- | ৫০০/- | ৩০০/- | ২০০/- | ৮০০০/- |

- **শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে:**

(ক) শিক্ষানবিশিকাল ৩(তিন) মাস:

তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩(তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়;

(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে = ৬৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা প্রাপ্ত হইবেন; এবং

(গ) শিক্ষানবিশিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

## তপশিল "খ"

## কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হার

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা/ রেশন ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড-১:<br>১। স্টোর কিপার<br>২। সিনিয়র ফায়ারম্যান<br>৩। হিসাবরক্ষক<br>৪। কম্পিউটার অপারেটর<br>৫। সিনিয়র অফিস সহকারী<br>৬। টাইম কিপার | ৭৮০০/- | ৩১২০/- | ৫০০/- | ৩০০/- | ২০০/- | ১১৯২০/- |
| গ্রেড-২:<br>১। অফিস সহকারী<br>২। সহকারী হিসাবরক্ষক/ ক্যাশিয়ার<br>৩। নার্স/ মেডিক্যাল সহকারী<br>৪। সহকারী স্টোর কিপার/ স্টোর এসিসট্যান্ট<br>৫। জুনিয়র কম্পিউটার অপারেটর<br>৬। টেলিফোন অপারেটর<br>৭। ড্রাইভার<br>৮। ডিস্ট্রিবিউসন সহকারী/ সেলসম্যান<br>৯। এইচ আর/ কমপ্লায়েন্স/ এডমিন সহকারী<br>১০। লিফট অপারেটর | ৬৫০০/- | ২৬০০/- | ৫০০/- | ৩০০/- | ২০০/- | ১০১০০/- |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা/ রেশন ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড-৩:<br>১। পিয়ন<br>২। কুক<br>৩। দারোয়ান/ নিরাপত্তা প্রহরী/ পাহারাদার<br>৪। সুইপার/ক্লিনার/ ঝাড়ুদার<br>৫। গার্ডেনার/ ক্যান্টিন বয়<br>৬। আয়া/ বুয়া<br>৭। বেবী সিটার<br>৮। দপ্তরি<br>৯। সহকারী প্রোডাকশন রিপোর্টার<br>১০। ডিস্ট্রিবিউশন হেলপার<br>১১। ড্রাইভার সহকারী<br>১২। সহকারী ফায়ারম্যান | ৫০০০/- | ২০০০/- | ৫০০/- | ৩০০/- | ২০০/- | ৮০০০/- |

- **শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে:**

(ক) শিক্ষানবিশকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে = ৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা প্রাপ্ত হইবেন;

(খ) শিক্ষানবিশকাল ০৬ (ছয়) মাস; এবং

(গ) শিক্ষানবিশকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

১। তপশিল "ক" ও "খ" এ উল্লিখিত নিম্নতম মজুরি হার সমগ্র বাংলাদেশের "প্লাস্টিক" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে;

২। তপশিলে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ উক্ত সেক্টরে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণি বা গ্রেডে অন্তর্ভুক্ত হইবে;

৩। তপশিলে উল্লিখিত শ্রমিক বর্তমানে যে গ্রেডে কর্মরত রহিয়াছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে এবং কোনো শ্রমিককে নিম্নগ্রেডভুক্ত করা যাইবে না;

৪। এই প্রজ্ঞাপন জারির সঙ্গে সঙ্গে উক্ত সেক্টরের মালিকগণ তপশিলে উল্লিখিত পদবিন্যাস ও শ্রেণি বিভাগ অনুযায়ী শ্রমিকগণকে যথাযথ গ্রেডে সন্নিবেশিত করিয়া তাহার প্রাপ্য মজুরি রেজিস্টারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন;

৫। কোনো শ্রমিককে তপশিলে উল্লিখিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না;

৬। উক্ত সেক্টরের কোনো শ্রমিককে এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা অধিক হারে মজুরি প্রদান করা হইলে উহা কোনো ক্রমেই হ্রাস করা যাইবে না;

৭। উক্ত সেক্টরের শ্রমিকগণ এবং নিয়োগকর্তা বা মালিকপক্ষের মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিককে এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত হারের অধিক হারে মজুরি নির্ধারণ ও প্রদান করা যাইবে;

৮। কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে উক্ত সেক্টরে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইলে তিনিও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২ (৬৫) অনুযায়ী 'শ্রমিক' হিসাবে গণ্য হইবেন। কোনো ঠিকাদার কোনো শ্রমিককে নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা কোনক্রমেই কম মজুরি প্রদান করিতে পারিবেন না। উক্ত সেক্টরের কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট হইতে প্রাপ্য মজুরি প্রাপ্তির ক্ষেত্রে কোনো সমস্যার সম্মুখীন হইলে তাহার দায়-দায়িত্ব সম্পূর্ণভাবে সংশ্লিষ্ট মালিকের উপর বর্তাইবে;

৯। উক্ত সেক্টরে শ্রমিক সরবরাহ বা নিয়োগের জন্য নিয়োজিত ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ এর বিধান অনুযায়ী উক্ত সেক্টরের মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন;

১০। উক্ত সেক্টরের মালিক যদি শ্রমিককে ফুরণভিত্তিক (Piece Rate) মজুরি প্রদান করিয়া থাকেন, তাহা হইলে এই প্রজ্ঞাপন জারির সঙ্গে সঙ্গে উক্ত শ্রমিককে নির্দিষ্ট গ্রেডভুক্ত করিয়া নির্ধারিত নিম্নতম মজুরি প্রদান করিতে হইবে;

১১। নির্ধারিত নিম্নতম মজুরি ও ভাতাদি ছাড়াও যদি উক্ত সেক্টরের কোনো শ্রমিক অব্যাহতভাবে কোনো অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা হইলে উহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(১০), ধারা ১০৮ এবং ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক ধারাবাহিকভাবে বলবৎ ও অব্যাহত থাকিবে;

১২। উক্ত শিল্প সেক্টরে উল্লিখিত নিম্নতম মজুরি সমন্বয় করিয়া ০১ (এক) বৎসর কর্মরত থাকার পর শ্রমিকগণের মূল মজুরির ৫% হারে বাৎসরিক ভিত্তিতে মজুরি বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় মূল মজুরির ৫% হারে বৃদ্ধি পাইবে। "প্লাস্টিক" শিল্প সেক্টরে ফুরণভিত্তিক (Piece Rate) মজুরিতে কর্মরত শ্রমিকগণও বাৎসরিক ভিত্তিতে মূল মজুরির ৫% হারে মজুরি বৃদ্ধির সুবিধা পাইবে;

ব্যাখ্যা: যদি একজন শ্রমিকের মূল মজুরি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকার পর, তাহার বাৎসরিক মজুরি বৃদ্ধি পাইয়া মূল মজুরি ৫,২৫০/- (পাঁচ হাজার দুইশত পঞ্চাশ) টাকা নির্ধারিত হইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরি ৫,২৫০/-(পাঁচ হাজার দুইশত পঞ্চাশ) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৫,৫১২.৫০ (পাঁচ হাজার পাঁচশত বারো টাকা পঞ্চাশ পয়সা) টাকা নির্ধারিত হইবে;

১৩। উক্ত সেক্টরে নিযুক্ত শ্রমিক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট বিধান অনুযায়ী অন্যান্য ভাতা ও সুবিধাদি প্রাপ্য হইবেন;

১৪। উক্ত সেক্টরে মালিক যদি কোনো শ্রমিকের পরিবারের জন্য আবাসন সুবিধা প্রদান করিয়া থাকেন, তাহা হইলে সেই ক্ষেত্রে উক্ত আবাসন সুবিধা গ্রহণকারী শ্রমিকের ক্ষেত্রে বাড়ী ভাড়া ভাতা প্রযোজ্য হইবে না; এবং

১৫। উপরোক্ত শর্তাবলির কোনো অংশ প্রচলিত বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সহিত সাংঘর্ষিক হইলে সেই অংশটুকু বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

বেগম দিল আফরোজা বেগম
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd